

AajKaar Fariyad,
16th Sept 2018
Page NO - 02

‘স্বচ্ছতা হি সেবা’ প্রচার অভিযানের সূচনা

স্টাফ রিপোর্টার, ১৫
সেপ্টেম্বর : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র
মোদি শনিবার এক টেলিভিশন
ভাষণের মাধ্যমে ‘স্বচ্ছতা হি সেবা’
প্রচার অভিযানের শুরু করেন।
প্রধানমন্ত্রী বলেন, বাপুজির পরিচ্ছন্ন
ভারতের স্বপ্নকে পূর্ণতা দেওয়ার
জন্যই এই অভিযান। তিনি বলেন,
আজ থেকে গান্ধী জয়ন্তী পর্যন্ত চলুন
আমরা নিজেদেরকে বাপুজির স্বপ্ন
পূরণে সঁপে দেই। জেলা শিক্ষা
আধিকারিকরা ‘স্বচ্ছতা হি সেবা’
অভিযানের বাস্তবায়ন দেখতে এদিন
বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করেন।
সেই সঙ্গে বিভিন্ন বিদ্যালয়ের
প্রধানশিক্ষক, সহকারী প্রধান শিক্ষক
সহ ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা জাতীয়
প্রচার অভিযান ‘স্বচ্ছতা হি সেবা’
বাস্তবায়ন করতে উদ্যোগ নেন। এদিকে

রাজ্যের ১,৫৪৯ বিদ্যালয়ে আজ
সকাল ৯.৩০ মিনিট থেকে প্রধানমন্ত্রীর
ভাষণ টিভি, ইন্টারনেট ও এডুসেটের
মাধ্যমে সম্প্রচার করা হয়। প্রধানমন্ত্রীর
ভাষণ শেষ হলে রেকর্ডকৃত ভাষণ
সমস্ত বিদ্যালয়ে অফলাইনে প্রচার
করার জন্য সরবরাহ করা হয়। এই

প্রচার অভিযান উপলক্ষে আজ বিভিন্ন
বিদ্যালয়ে ছাত্র, শিক্ষক ও বিদ্যালয়
পরিচালন কমিটির সদস্যরা বিদ্যালয়
ও তার আশপাশ এলাকা পরিচ্ছন্ন
করার জন্য শ্রমদান করেন। একই সঙ্গে
‘স্বচ্ছতা হি সেবা’ প্রচার অভিযান
বিদ্যালয়ের বাইরেও ছড়িয়ে দেওয়া

হয়। প্রাথমিক বিভাগের শিশুরা হাত
ধোয়ার অভিযান সামিল হয়। অনেক
ছাত্রছাত্রী স্বচ্ছতার তাদের অবদান জানিয়ে
প্রধানমন্ত্রীর কাছে পোস্ট কার্ড লেখায়
সামিল হয়। মন্ত্রণা শিক্ষা অভিযানের রাজ্য
প্রজেক্ট অফিস থেকে এক বিজ্ঞপ্তিতে
এই সংবাদ জানানো হয়েছে।